

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

শিরোমনি শিল্প এলাকা, খুলনা।

সূত্র: ১৪.৩৭.০০০০.২০১.১১.০০৩.২২. ৪৮৪

তারিখ: ০৫-০২-২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা এর বিভিন্ন শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ২ নং কলামে বর্ণিত পদে বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি ও স্থান অনুযায়ী অনুষ্ঠিত হবে:


ক্রমিক নং	পদের নাম	লিখিত পরীক্ষার তারিখ	সময়	স্থান
১	২	৩	৪	৫
১।	সহকারী ব্যবস্থাপক(উৎপাদন)	১৮-০২-২০২৩ খ্রি. তারিখ রোজ শনিবার	বেলা ১০:০০ থেকে ১১:৩০ ঘটিকা	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ খানজাহান আলী সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ফুলবাড়ীগেট, খুলনা।
২।	ক্রয় কর্মকর্তা			
৩।	উপ-সহকারী প্রকৌশলী(যান্ত্রিক)			
৪।	মার্কেটিং সহকারী	১৭-০২-২০২৩ খ্রি. তারিখ রোজ শুক্রবার		
৫।	মেশিন অপারেটর			
৬।	সাহায্যকারী			

ক্রমিক নং-৪, ৫ ও ৬ পর্যন্ত (মার্কেটিং সহকারী, মেশিন অপারেটর ও সাহায্যকারী) পদের লিখিত পরীক্ষার পর খাতা মূল্যায়ন শেষে ঐদিনই লিখিত পরীক্ষার ফলাফল বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর ওয়েবসাইটে(www.bcsl.gov.bd) ও ফেইজবুক পেইজে(www.facebook.com/bcslkhulna) প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের পরপরই লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের একই দিনে এ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়, শিরোমনি, খুলনাতে ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

ক্রমিক নং-১, ২ ও ৩ পর্যন্ত [সহকারী ব্যবস্থাপক(উৎপাদন), ক্রয় কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী(যান্ত্রিক)] পদের লিখিত পরীক্ষার পর খাতা মূল্যায়ন শেষে ঐদিনই লিখিত পরীক্ষার ফলাফল বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর ওয়েবসাইটে ও ফেইজবুক পেইজে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তী দিন অর্থাৎ ১৯-০২-২০২৩ খ্রিঃ তারিখ রবিবার সকাল ০৯:০০ ঘটিকায় এ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়, শিরোমনি, খুলনাতে ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত সনদপত্র, অভিজ্ঞতা ও অন্যান্য কাগজপত্রের মূলকপি অবশ্যই সঙ্গে রাখতে হবে।

বিবেচিত প্রার্থীদের বর্তমান ঠিকানায় রেজিস্ট্রিকৃত ডাকযোগে লিখিত পরীক্ষার প্রবেশপত্র পাঠানো হয়েছে এবং তালিকা এ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ডাকযোগে প্রবেশপত্র পাওয়া না গেলে এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি প্রদানপূর্বক পরীক্ষার পূর্বদিন পর্যন্ত সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকেল ০৫:০০ ঘটিকার মধ্যে এ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।


(মোঃ মসলেম উদ্দীন)

মহাব্যবস্থাপক (প্রশাসন) অ.দা.

ও

সদস্য-সচিব, নিয়োগ কমিটি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত:

- ১। সভাপতি, নিয়োগ কমিটি।
- ২। সকল সদস্য, নিয়োগ কমিটি।
- ৩। সকল বিভাগীয় প্রধান, বাকেশি, খুলনা।
- ৪। ব্যবস্থাপক(সমন্বয়), বাকেশি, খুলনা।
- ৫। ব্যবস্থাপক(কল্যাণ), বাকেশি, খুলনা।
- ৬। ব্যবস্থাপক(নিরাপত্তা), বাকেশি, খুলনা।
- ৭। বিজ্ঞপ্তি ফলক।